

সীড (সোসাইটি ফর এডুকেশন এন্ড ইনক্লুশন অফ দি ডিসএবল্ড)

বার্ষিক কর্মসূচি প্রতিবেদন-২০২৩

ভূমিকাঃ

২০২৩ সালে সীড সংস্থার নিয়মিত ও প্রকল্পের নির্ধারিত সকল কর্মসূচি সম্পন্ন করতে সক্ষম হয়েছে। সীড এর মোহাম্মদপুর ও কামরাঙ্গীরচর শাখার মাধ্যমে সুবিধাবঞ্চিত নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী শিশু/ব্যক্তিদের বিশেষ ও প্রাক-প্রাথমিক শিক্ষা, বৃত্তিমূলক প্রশিক্ষণ ও নানাবিধ থেরাপি সেবা প্রদান করা হয়েছে। পাশাপাশি নিউরো-ডেভেলপমেন্টাল ও বহুমাত্রিক প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে।

নিম্নে ২০২৩ সালে বাস্তবায়নকৃত কর্মসূচির সংক্ষিপ্ত বিবরণ দেয়া হলো-

স্কুল রেডিনেস ও বৃত্তিমূলক প্রশিক্ষণঃ

সীড ২০২৩ সালে ‘স্কুল রেডিনেস ও বৃত্তিমূলক প্রশিক্ষণ’ কর্মসূচির আওতায় ৬২ জন শিক্ষার্থীকে বিশেষ ও প্রাক-প্রাথমিক শিক্ষা এবং ৩৬ জনকে বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান করেছে। সীড শিক্ষার্থীদের শিক্ষা ও বৃত্তিমূলক উপকরণ প্রদান করার পাশাপাশি টিফিন/দুপুরের খাবার, মূলধারা বিদ্যালয়ে ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি ফি প্রদান করেছে।



চিত্র: স্কুল রেডিনেস ও বৃত্তিমূলক প্রশিক্ষণ

বৃত্তিমূলক প্রশিক্ষণার্থীদের দ্বারা তৈরীকৃত পণ্যঃ

বৃত্তিমূলক প্রশিক্ষণার্থীরা মোট ১৪টি বিছানার চাদর, ১টি নকশি কাঁথা, ৩টি স্কার্ফ, ৪টি (৮পিসের) টেবিল ক্লথ সেট, ৮টি কুশন কভার, ৫টি কামিজ, ৩টি শাড়ি ও ৪টি ওড়না তৈরী করেছে।



বিছানার চাদর



কামিজ



টেবিল ক্লথ সেট



শাড়ি



ওড়না

‘রেফারেল ও থেরাপি সার্ভিস’ কর্মসূচিঃ

রেফারেল ও থেরাপি সার্ভিস’ কর্মসূচির আওতায় ১৪৭ জন শিক্ষার্থী/প্রশিক্ষণার্থীকে ফিজিওথেরাপি সেবা, ২১ জনকে ঔষধ/নানাবিধ মেডিকেল টেস্ট/সহায়ক উপকরণ প্রদান করা হয়েছে।



সহায়ক উপকরণ প্রদান

ফিজিওথেরাপি সেশন

কাস্টমাইজড কর্মসংস্থানঃ

২০২৩ সালে সীড ‘কাস্টমাইজড কর্মসংস্থান’ কর্মসূচির আওতায় ৬১ জনকে ইন-হাউজ প্রশিক্ষণ (পরিবেশ উপযোগী আচরণ ও ব্যবহার, যৌন ও প্রজনন স্বাস্থ্য, ট্রাফিক নিয়ম, ভূমিকম্পে করণীয় ও সচেতনতা বিষয়ক) প্রদান করেছে। উক্ত কর্মসূচির অন্তর্ভুক্ত ১৮ জনকে চাহিদাভিত্তিক মূল্যায়ন (নীড অ্যাসেসমেন্ট), ০৩ জনকে সাইকোলজিক্যাল মূল্যায়ন করা হয়েছে। ৩৯ জন শিক্ষার্থীকে তাদের ইচ্ছা, চাহিদা ও সক্ষমতা অনুযায়ী তাদের নিকটস্থ এলাকায় ও ‘সীড-রান্নাঘর’ এ প্রশিক্ষণের ব্যবস্থা করার পাশাপাশি জবকোচ সুবিধা ও প্রশিক্ষণ ভাতা প্রদান করা হয়েছে। চাকরিতাদের সাথে ‘কাস্টমাইজড কর্মসংস্থান’ বিষয়ক ১টি এডভোকেসী সভা করা হয়েছে।



নানাবিধ প্রশিক্ষণ



চাকরিতাদের সাথে সভা



নীড অ্যাসেসমেন্ট

চিত্রঃ কাস্টমাইজড কর্মসংস্থান কর্মসূচি

বিভিন্ন প্রশিক্ষণে নিযুক্ত প্রশিক্ষণার্থীরা



চিত্র: বিভিন্ন প্রশিক্ষণে নিযুক্ত প্রশিক্ষণার্থীরা

‘সীড রান্নাঘর’ এ প্রশিক্ষণার্থী সংখ্যা ৭ জন



চিত্র: ‘সীড রান্নাঘর’ এর প্রশিক্ষণার্থীরা

মূলধারার কর্মক্ষেত্রে নিযুক্ত এনডিডি ও বহুমাত্রিক প্রতিবন্ধী প্রশিক্ষণার্থী সংখ্যা ০৯জন



চিত্র: মূলধারার কর্মক্ষেত্রে নিযুক্ত এনডিডি ও বহুমাত্রিক প্রতিবন্ধী ব্যক্তি।

সহশিক্ষা কার্যক্রমঃ


চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণঃ সমাজসেবা অধিদপ্তর কর্তৃক আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে ১৪ জন শিক্ষার্থী। 'বার্জার পেইন্টস বাংলাদেশ' কর্তৃক আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে ১০ জন শিক্ষার্থী।

সামাজিক যোগাযোগ মাধ্যমঃ

সীড এর ফেইসবুক (Facebook) ও পেজ এ সেক্ষ এডভোকেটগণ ও শিক্ষার্থীদের বিভিন্ন কার্যক্রম ও দক্ষতা বিষয়ক ৩৪টি পোস্ট করা হয়েছে।

বিশেষ অর্জনঃ

১. সীড এর ১জন সেক্ষ এডভোকেট ২০২৩ সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় জিপিএ ৪.৫৬ পেয়ে উত্তীর্ণ হয়েছে।



তাহমিনা আক্তার রিয়া

২. 'বার্জার পেইন্টস বাংলাদেশ' কর্তৃক আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতায় ১জন শিক্ষার্থী (গ্রুপ-এ) ১ম হয়েছে এবং পুরস্কারস্বরূপ =২৫,০০০/- (পঁচিশহাজার টাকা) ১টি চেক প্রাপ্ত হয়েছে।



মহিন শেখ

৩. 'হারনেট ফাউন্ডেশন' কর্তৃক আয়োজিত 'Bangladesh Decides: The Youth Speaks' নামক প্রোগ্রামে সীড এর শিক্ষার্থীরা জাতীয় সঙ্গীত পরিবেশন করেছে। পাশাপাশি উক্ত প্রোগ্রামে সীড এর কার্যক্রমভিত্তিক ভিডিও প্রদর্শিত হয়েছে।



হারনেট টিভি প্রোগ্রাম